

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)


নং- ০৫.০০.০০০০.১০২.০৬.০০৩.১৪-৩৮

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ, ১৪২৯  
১৬ মে, ২০২২

বিষয়: গোপনীয় অনুবেদন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারীকৃত 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' অসামরিক প্রশাসনে নিয়োজিত ৯ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ের সকল কর্মকর্তার জন্য সমভাবে প্রযোজ্য। সিআর অধিশাখা বিসিএস (প্রশাসন) ক্যাডার ও অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব ও তদূর্ধ্ব কর্মকর্তা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ৯ম গ্রেড ও তদূর্ধ্ব নন-ক্যাডার কর্মকর্তাগণের এসিআর সংরক্ষণ ও ব্যবস্থাপনা করে থাকে। সিআর অধিশাখায় প্রাপ্ত গোপনীয় অনুবেদনসমূহ পর্যালোচনায় দেখা যায়- দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের ক্ষেত্রে অনেক ভুল-ত্রুটি ও অসামঞ্জস্যতা রয়েছে। অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থার ডিপিএস সভায়ও গোপনীয় অনুবেদনে অসংখ্য ত্রুটি-বিচ্যুতিসহ ব্যাপক অব্যবস্থাপনা লক্ষ্য করা যায়। এছাড়া অন্যান্য ক্যাডার হতে উপসচিব হিসেবে পদোন্নতির জন্য কর্মকর্তাগণের গোপনীয় অনুবেদন যাচাইকালেও একই রকম ভুল-ত্রুটি ও অব্যবস্থাপনা লক্ষ্য করা যায়। এতে অনেক সময় কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্ত হন যা মোটেও প্রত্যাশিত নয়। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা যথাযথভাবে অনুসরণ করা হলে এ ধরনের অব্যবস্থাপনা পরিলক্ষিত হতো না। এক্ষেত্রে অনুবেদনাধীন, অনুবেদনকারী, প্রতিস্বাক্ষরকারী ও ডোসিয়ার সংরক্ষণকারী প্রত্যেকেরই গোপনীয় অনুবেদন বিষয়ে প্রশিক্ষণ একান্ত অপরিহার্য বলে প্রতীয়মান হচ্ছে।

'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এর ৩.৪.৮ নং অনুচ্ছেদ অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও জেলা পর্যায়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানকে এ বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ বিষয়ে প্রয়োজনে সিআর অধিশাখা হতে প্রতিনিধি/রিসোর্স পার্সন প্রেরণপূর্বক সহযোগিতা করা হবে।



(মোঃ তোফাজ্জেল হোসেন)

অতিরিক্ত সচিব

ফোন- ৫৫১০০৭৪৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার বিনীত অনুরোধসহ)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/ সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বিপিএটিসি, সাভার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল).....
৫. মহাপরিচালক (সকল).....
৬. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৭. জেলা প্রশাসক (সকল).....
৮. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৯. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. অফিস কপি।